

### উত্তরপত্র

লেকচার -১ (৯.৬.২০)

ক) এক বাক্যে উত্তর লিখ।

১. সুন্দরবনের পাশের গ্রামের মানুষ কী কাজ করেন?

উত্তর: সুন্দরবনের পাশের গ্রামের মানুষ কৃষিকাজ করেন। তবে বেশিরভাগ মানুষ মাছ ধরে, কাঠ কেটে সংগ্রহ করে এবং গোলপাতা ও মধু সংগ্রহ করে জীবিকা নির্বাহ করে।

২. সুন্দরবনের পাশের গ্রামের মানুষ বন থেকে কী সংগ্রহ করে?

উত্তর: সুন্দরবনের পাশের গ্রামের মানুষ বন থেকে গোলপাতা ও মধু সংগ্রহ করে।

৩. মৌমাছির কোথায় মৌচাক বানায়?

উত্তর: মৌমাছির গাছে গাছে মৌচাক বানায়।

৪. কাদের মৌয়াল বলে?

উত্তর: যারা মৌচাক থেকে মধু সংগ্রহ করেন, তাদের মৌয়াল বলা হয়।

৫. সুন্দরবন কোথায় অবস্থিত?

উত্তর: বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম কোণে, বঙ্গোপসাগরের তীরে সুন্দরবন অবস্থিত।

৬. মানুষকে আক্রমণ করে কোন প্রাণী?

উত্তর: বাঘ মানুষকে আক্রমণ করে।

৭. সুন্দরবনের পাশের গ্রামের মানুষ কোথায় থেকে কাঠ ও মধু সংগ্রহ করেন?

উত্তর: সুন্দরবনের পাশের গ্রামের মানুষ সুন্দরবন থেকে কাঠ ও মধু সংগ্রহ করেন।

৮. মৌমাছি কী বানায়?

উত্তর: মৌমাছি মৌচাক বানায়।

৯. গাছ থেকে কী পাওয়া যায়?

উত্তর: কিছু গাছ থেকে কাঠ এবং গোলপাতা গাছ থেকে গোলপাতা পাওয়া যায়।

১০. গল্পে কাদের কাজ কষ্টের বলা হয়েছে?

উত্তর: গল্পে বাওয়ালিদের কাজ কষ্টের বলা হয়েছে।

১১. ভয়ঙ্কর প্রাণী কোথায় আছে?

উত্তর: ভয়ঙ্কর প্রাণী সুন্দরবনে আছে।

১২. বাঘ কোন ধরনের প্রাণী?

উত্তর: বাঘ মাংসাশী প্রাণী।

১৩. বাঘ কী খেয়ে বেঁচে থাকে?

উত্তর: অন্য প্রাণী খেয়ে বাঁচে। যেমন: হরিণ, বুনো শুয়োর, বানর ইত্যাদি।

১৪. বাঘ কোন কোন প্রাণী খেয়ে বেঁচে থাকে?

উত্তর: বাঘ হরিণ, বুনো শুয়োর, বানর ইত্যাদি প্রাণী খেয়ে বেঁচে থাকে।

১৫. বাঘ ছাড়া বনে কী কী প্রাণী আছে?

উত্তর: বাঘ ছাড়া বনে হরিণ, বনবিড়াল, বুনো শুয়োর, সজারু, বানর, সাপ, কুমির, হাঙ্গর এবং প্রায় ৩২০ প্রজাতির পাখি ( চিল, ঈগল, সারস, হারগিলা, শকুন, গাঙচিল, মুনিয়া, শালিক, বুলবুলি ইত্যাদি) প্রাণী আছে।

১৬. সুন্দরবনে কোন কোন প্রাণী পানিতে থাকে?

উত্তর: সুন্দরবনে মাছ, কুমির ও হাঙ্গর পানিতে থাকে।

খ) শব্দার্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ
জন্মভূমি	যে ভূমি বা দেশে একজন জন্মায়
সমতলভূমি	তল সমান যে ভূমির
কৃষিকাজ	চাষাবাদ
চাষাবাদ	কৃষিকাজ
সংগ্রহ করা	আহরণ
পরিশ্রম	খাটাখাটুনির কাজ
হিংস্র	প্রাণহারক
মাংসাশী	মাংসই যার প্রধান খাদ্য
সতর্ক	সাবধান
লবনাক্ত	লবন মেশানো

গ) নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি কর।

জন্মভূমি, চাষাবাদ, পরিশ্রম, হিংসা, সতর্ক। (শিক্ষার্থীরা নিজে নিজে বাক্য তৈরি করবেন।)